

// আপত্তির মুখে টাবিতে সিনেট ভবনের উদ্বোধন স্থগিত

● প্রধান উপদেষ্টা যাচ্ছেন না

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

শিক্ষিত ও ছাত্র সংগঠনগুলোর তীব্র আপত্তির মুখে অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াজ জামায়াত চৌধুরী সিনেট ভবনের উদ্বোধনী অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। পালক বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দিন আহমদের তখনটি উদ্বোধন করার কথা ছিল। উদ্বোধন স্থগিত করায় প্রধান উপদেষ্টা ক্যাম্পাসে আসছেন না।

এদিকে ক্যাম্পাসে প্রধান উপদেষ্টার আগমন স্থগিত করার উদ্দেশ্য প্রকাশ করেছে ছাত্র সংগঠনগুলো। সংগঠনের পক্ষ থেকে ছাত্র নেতার জানান, আন্দোলনের মুখে পড়ে উপাচার্য উদ্বোধনী অনুষ্ঠান স্থগিত করতে বাধ্য হয়েছেন। ছাত্র সংগঠনগুলো
স্থগিত : পৃঃ ২ কঃ ৭

স্থগিত : উদ্বোধন

(১২ পৃষ্ঠার পর)

উদ্বোধনী অনুষ্ঠান ওধুমাত্র স্থগিত নয়
বাতিলের দাবি জানায়।

সিনেট ভবন উদ্বোধন উপলক্ষে প্রধান উপদেষ্টার ক্যাম্পাসে আগমন প্রতিরোধ করার ঘোষণা দিয়েছিল ছাত্র সংগঠনগুলো। প্রগতিশীল শিক্ষকদের সংগঠন নিলামদের শিক্ষকরাও এর তীব্র প্রতিবাদ করেছিল। তাই উপাচার্য অধ্যাপক এসএমএ ক্যাম্বাজ গতকাল এক বিবৃতিতে জানান, অনিবার্য কারণে সিনেট ভবনের উদ্বোধনী অনুষ্ঠান স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গত রোববার ছাত্রলীগ ক্যাম্পাসে প্রধান উপদেষ্টার আগমন প্রতিরোধ করার ঘোষণা দেয়। এরপর দিন ছাত্রদলও তাদের সঙ্গে একমত ঘোষণা করে। দুই দলই গত কয়েকদিন ধরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ চালাচ্ছে আসছিল। ছাত্র-শিক্ষকদের বক্তব্য ছিল প্রায় দুই বছর আগে নির্মিত সিনেট ভবনের উদ্বোধন করে অর্থ অপচয়ের কোন যৌক্তিকতা নেই। তার ওপর আগস্টের ঘটনায় ছাত্র-শিক্ষকদের মুক্তির বিষয়ে বিতর্কিত হয়েছেন প্রধান উপদেষ্টা। তাই ছাত্র শিক্ষকদের এ ক্যাম্পাসে তার আসার কোন অধিকার নেই বলে জানান ছাত্রলীগ।

এ ব্যাপারে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শেখ সের্জেস হানা বলেন, আমাদের সংগঠনের দাবি ছিল সাধারণ শিক্ষার্থীদের দাবি, সাধারণ শিক্ষার্থীদের ইচ্ছানুযায়ী সেই দাবি পূরণ হয়েছে। তিনি সিনেট ভবনের উদ্বোধন স্থগিত নয় বাতিলের দাবি জানান।

ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ ফখরুদ্দিন আহমদের ক্যাম্পাসে না আসলে শিক্ষার্থীদের বিক্রয় বলে অভিহিত করেন।

তিনি বলেন, অবৈধ সরকারপ্রধানের ক্যাম্পাসে আগমনের অধিকার নেই।